

শিরোনাম

৭।

প্রচ্ছদ » সারাদেশ

পায়রা বন্দর হবে আগামী বাংলাদেশ, আশাবাদ পায়রা বন্দর চেয়ারম্যানের

উত্তম হালদার, পটুয়াখালী
প্রতিনিধি

প্রকাশিত: ১৭:১২, ২৪ আগস্ট ২০২৩

 Google News



ছবিঃ রেডিও টুডে

পায়রা বন্দর কর্তৃপক্ষ চেয়ারম্যান রিয়ার এডমিরাল গোলাম সাদেক বলেছেন, আমরা সবাই এক সাথে কাজ করলে রূপকল্প ২০৪১ সালের মধ্যেই মাস্টার প্লান অনুযায়ী পায়রা বন্দর একটা পূর্ণাঙ্গ বন্দরে পরিনত হবে। আর আমাদের দেশকে আমরা সেই ভাবে অর্থনৈতিক সাপোর্ট দিয়ে যেতে পারবো। আশা করছি এই পায়রা বন্দর হবে স্মার্ট পোর্ট। আমাদের এখন শ্লোগান হচ্ছে “পায়রা বন্দর হবে আগামী বাংলাদেশ”।

বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে বন্দর কর্তৃপক্ষের সভা কক্ষে অংশীজনদের নিয়ে এক মতবিনিময় সভায় তিনি এ সব কথা বলেন।

পায়রা বন্দর কর্তৃপক্ষ চেয়ারম্যান আরও বলেন, বিভিন্ন জাহাজের মাধ্যমে মালামাল পরিবাহিত হচ্ছে। পায়রা বন্দর একটি অপারেশনাল পোর্ট। ইতোমধ্যে এ বন্দর ব্যবহার করে বিভিন্ন ব্যবসায়ীরা পণ্য নিয়ে আসছে।

পায়রা বন্দর কর্তৃপক্ষ ও অংশীজনদের মধ্যকার মতবিনিময় সভার শুরুতে পায়রা বন্দরের অপারেশন, বন্দর এলাকায় জেটি, স্থাপনা নির্মাণ ও ব্যবহার বিষয়ক বিধি বিধান এজেন্ট অপারেটর তালিকাভুক্তি, শ্রমিক সরবরাহ বিষয়ক বিধি বিধান, বন্দরের সুযোগ সুবিধা ও বানিজ্যিক কার্যক্রম বৃদ্ধি বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া জুমে যুক্ত হয়ে পায়রা বন্দরের সমস্যা ও সম্ভাবনার বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন খুলনা কাস্টমস কর্মকর্তা সফিউজ্জামান, বাংলাদেশ শিপিং এজেন্ট এ্যাসোসিয়েশনের স্টেকহোল্ড সৈয়দ মোহাম্মদ আরিফ প্রমুখ।

এ সময় পায়রা বন্দরের সদস্য রাজিব ত্রিপুরা, ক্যাপটেন জাহিদ হোসেন সহ শিপিং এজেন্ট, কাস্টমস কর্মকর্তা, পায়রা বন্দর কর্তৃপক্ষ কর্মকর্তা, জেটি-ঘাটের প্রতিনিধি ও গনমাধ্যকর্মীরা উপস্থিত ছিলেন।

রেডিওটুডে নিউজ/এসবি

 Radio Today FM 89.6 ...
233,579 followers

ও আরও পরিচয় হতে পারুন শিপিং প্রতি বিবরণ জানুন
Follow Page Use App